গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিপুর, সুনামগঞ্জ
www.tahirpur.sunamganj.gov.bd

সুনামগঞ্জ জেলার তাহিরপুর উপজেলা পরিষদের আগস্ট/২০২৪ মাসের মাসিক সভার কার্যবিবরণী :
সভাপতি : জনাব শামস্ সাদাত মাহমুদ উল্লাহ, সহকারী কমিশনার ভূমি (চলতি দায়িত্ব) ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার তারিখ:২৮-০৮-২০২৪ সময় : ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ ও কর্মকর্তাদের নামের তালিকা ও স্বাক্ষর পরিশিষ্ট "ক"।
উপজেলা পরিষদের অনুমোদিত বিভাগীয় কমিটি সমূহের তালিকা পরিশিষ্ট "খ" তে সংযুক্ত।
সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাহিরপুর উপজেলার ৬ষ্ঠ উপজেলা পরিষদের মাসিক নিয়মিত সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতি কর্তৃক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সকলকে শুভেচ্ছা জানিয়ে নির্ধারিত আলোচ্য সূচির উপর সভার কার্যক্রম শুরু করেন

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | | বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হলে এতে সংশোধন / সংযোজন / পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ় করণ করার জন্য সভায় একমত পোষণ করা হয়। | সিদ্ধান্ত:বিগত সভার কার্য বিবরণীতে সংশোধন/ সংযোজন/ পরিবর্তন না থাকায় তা সর্বসম্মিতক্রমে দৃঢ় করণ করা হয়। | বাস্তবায়ন ঃ সংশ্লিষ্ট সকল |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কাঙর্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্ত:বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হলো।<br>০২। কমিউনিটি ক্লিনিক সমূহের সেবার মান বৃদ্ধি ও সার্বিক তদারকির জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুর, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তাহিরপুর সভায় জানান রোপা আমন ধানের কার্যক্রম চলমান রয়েছে। লক্ষ্য মাত্রা ৬৩৫০ হেক্টর, অদ্যাবধি অগ্রগতি ৪৭৭৫ হেক্টর। আউশ ধান কর্তন চলমান রয়েছে। সার এর কার্যক্রম স্বাভাবিক আছে। মাঠ পর্যায়ে বিভিন্ন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে এবং নিয়মিত উপজেলা অফিস হতে কৃষকদেরকে পরামর্শ প্রদান করা হয়। | সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে চলমান ফসলের কর্তনের পূর্ব পর্যন্ত নিয়মিত মাঠে পরিদর্শণ চলমান রাখা এবং কৃষকদের সঙ্গে পরামর্শ প্রদানের জন্য উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৪ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর এর সভায় জানান যে, প্রশিক্ষণের মাধ্যমে মাঠ পর্যায়ে খামারীদের গবাদিপশু ও হাঁস-মুরগী পালনে সচেতনতা বৃদ্ধি করা সহ মাঠ পর্যায়ে টিকা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। বন্যার সময় ০২ টি ভেটেরিনারি মেডিকেল টিম গঠন করা হয়। | সিদ্ধান্ত: বিস্তারিত আলোচনান্তে প্রশিক্ষণের মাধ্যমে কৃষকদের মনোযোগী করে তোলা এবং খামারীদের গবাদি পশু ও হাঁসমুরগী পালনে সচেতনতা বৃদ্ধি এবং বিভিন্ন ইউনিয়ন হতে আক্রান্ত গবাদি পশুকে সুচিকিৎসা প্রদান করার বিষয়ে উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |



Sadat [signature]

CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | |
|---|---|---|---|---|
| ০৫ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকার জন্য ও মৎস্য সুরক্ষা ও সংরক্ষণের লক্ষ্যে হাওরের অঞ্চলে মৎস্য সম্পদ বৃদ্ধির জন্য অভিযান চলমান রাখার জন্য উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুরের দৃষ্টি আবর্ষণ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৬ | শিক্ষা বিভাগ | উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তা, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। শিক্ষার মান উন্নয়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর জানান সকল জনপ্রতিনিধি সরকারী সকল কর্মকর্তা নিয়মিত প্রাথমিক বিদ্যালয় মনিটরিং করার জন্য প্রস্তাব করেন। | সিদ্ধান্তঃ০১। বিস্তারিত আলোচনান্তে তাহিরপুর উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয় নিয়মিত পরিদর্শণ করে পরিদর্শণের প্রতিবেদন উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন এবং সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসার তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর |
| ০৭ | প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থ বছরে এডিপি প্রথম কিস্তি আগামী মাসে পাওয়া যাবে বলে ধারণা করা হয়। ২০২৪-২০২৫ অর্থ বছরের স্কিমের তালিকা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরকারী বিভাগীয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলকে উপজেলা প্রকৌশলী অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো। সভায় উপস্থিত সকল চেয়ারম্যান জানান তাহিরপুর উপজেলা হতে জেলা যোগাযোগের মাধ্যম হল সড়ক পথ। এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ রাস্তা দির্ঘদিন যাবত আনোয়ারপুর ব্রিজের পূর্বপাড় হতে শক্তিয়ারখলা বাজার পর্যন্ত রাস্তাটি নাজেহাল হয়ে আছে। যার ফলে দৈনিন্দ জনসাধারণগণকে দূর্ভোগ পোহাতে হচ্ছে। তাই জরুরী ভিত্তিতে জনস্বার্থে রাস্তাটি সংস্কার ও মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয় বিগত১১-০৭-২০২৪ তারিখে উপজেলা পরিষদের মাসিক সভায় উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের ফার্নিচার ক্রয় ও সংস্কার ও মেরামতের ব্যয় বিল উন্নয়ন তহবিল হতে পরিশোধের জন্য সিদ্ধান্ত নেয়া হলে পরবর্তীতে অদ্য মাসিক সভায় উক্ত বিলটি উন্নয়ন তহবিল হতে সংশোধন করে বিলটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৪,৫০,০০০/- ( চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা) ব্যয়ের জন্য আলোচনা করা হয়। | সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে উপজেলা ২০২৪-২০২৫ অর্থ বছরে স্কিমের তালিকা সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সরকারী বিভাগীয় প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলকে উপজেলা প্রকৌশলী অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হয়।<br><br>০২। বিস্তারিত আলোচনান্তে আনোয়ারপুর ব্রিজের পূর্বপাড় হতে শক্তিয়ারখলা বাজার পর্যন্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে জনস্বার্থে সংস্কার ও মেরামতের জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br><br>০৩। বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান মহোদয়ের বাসভবনের ফার্নিচার ক্রয় ও সংস্কার ও মেরামতের ব্যয় বিল ইস্টিমেট মোতাবেক মোট ৪,৫০,০০০/- ( চার লক্ষ পঞ্চাশ হাজার) টাকা টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর |
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর |
| ০৯ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা,তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা সমাজসেবা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর |



Sudarsan

CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক কর্মকর্তা,তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান আদর্শ বিদ্যালয়ের একজন শিক্ষক ও একজন ৪র্থ শ্রেণির কর্মচারীর বিরুদ্ধে অপসারণের জন্য শিক্ষার্থীদের অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার একটি দদন্ত কমিটি করে দিয়েছেন। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালন করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, তাহিরপুর, |
| ১১ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ২০২৪-২০২৫ অর্থবছরে অডিট সম্পাদনের জন্য ১২৫ টি সমবায় সমিতির অডিট বরাদ্দ প্রদান করেছে। অডিট কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। আলোচ্য মাসে তাহিরপুর উপজেলায় জাতীয় সমবায় পুরুষ্কার ২০২৩ এর জন্য ০৩ টি ক্যাটাগরিতে ০৩ টি সমবায় সমিতিকে মনোনয়ন প্রদান করে জেলায় প্রেরণ করা হয়েছে। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে পরবর্তী সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালনের জন্য উপজেলা সমবায় অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তাহিরপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। আত্নকর্মসংস্থান কর্মসূচির আদায় যোগ্য ৩৫,৫০০/- টাকা, আদায়কৃত ৩৩,৮৩০/- টাকা, আদায়ের হার ৯৫%, কিস্তি খেলাপী আদায় ২৬০/- টাকা। মেয়াধ উর্ত্তীন খেলাপী আদায় ৮৯০০/-টাকা,। ক্রম পুঞ্জিত আদায়ের হার ৬২%। চলতি মাসে কোন বিতররণ নাই। রাজস্বখাতেরব্রাক্ষ্যমান প্রশিক্ষণের লক্ষ মাত্র ২০২৪-২০২৫ অর্থবছওে ৪২০ জন। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করার জন্য এবং ঋণ আদায়ে দ্রুত নোটিশ করার জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, তাহিরপুর |
| ১৩ | জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুর, সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থি থাকার জন্য উপজেলা জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১৪ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, তাহিরপুর কর্তৃক প্রতিনিধি সভায় জানান দাপ্তরিত কাজ সুষ্ঠুভাবে চলছে। অতিদরিদ্রের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপি) ২০২৪-২০২৫ অর্থবছরের প্রকল্প তালিকা দাখিল করার জন্য সকল চেয়ারম্যানকে পত্র দেয়া হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার,তাহিরপুর এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন, অফিসার, তাহিরপুর, |
| ১৫ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার,তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্তঃবিস্তারিত আলোচনান্তে মংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিলনা করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা পল্লীউন্নয়ন অফিসার, তাহিরপুর, |
| ১৬ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার তাহিরপুর এর পদ শন্য থাকায় তার দপ্তরের কোন প্রকার কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে বিগত সভায় ন্যায় উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য দায়িত্ব প্রাপ্ত অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, তাহিরপুর। |



Sadat

CamScanner

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | |
|---|---|---|---|---|
| ১৭ | আনসার ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। বিগত ২৫-০৮-২০২৪ তারিখে ঢাকা সচিবালয়ের সম্মুখে অনুযিথ সাধারণ আনসারগণ তাদেও চাকুরী স্থায়ী করনের জন্য সমাবেশ কওে এবং তাদের দাবী আনা হবে মাঠেসরাষ্ট্র উপদেষ্টারা ঘোষনা দেয়ার পর কিছু বিপদগামী আনসার সদস্য সচিবালয় ও সচিবদেও অবরুদ্দা কওে রাকে। তার প্রেক্ষিতে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ছাত্র জনাতাদেও মাঝে সংঘর্ষ হয় এবং কিছু সংখ্যাক আনসারদেরকে আটক করে। য়ে সকল আনসারগণ তাদেও চাকুরী স্থায়ী করনের জন্য আন্দোলন করিয়াছে তার মূলত অহিভূত আনসার। তারা ০৩ বছরের জন্য মূলত অহিভূত হয়। বিষয়টি সভায় উপস্থিত সকলকে অবহিত করার জন্য জানানো হয়। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথ পালনের জন্য উপজেরা আনসার ভিডিপি অফিসার, তাহিরপুরের দৃষ্টি আকষ্ণ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি, তাহিরপুর |
| ১৮ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক তাহিরপুর শাখা জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। ঋণ আদায় ৬০.৩০, ঋণ বিতরণ ৫৯.৭০,সঞ্চয় ৩.০০ টাকা। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৯ | বিট কর্মকর্তা | উপজেলা বিট অফিসার তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে চলছে। চলতি আর্থিক বছরে কোন বাজেট না থাকায় এ অর্থবছরে কোন বনায়ন করা হয়নি। সর্ব শেষ ২০২১-২০২২ অর্থ বছরে ৫০.০ হেক্টর বনায়ন ছিল। এ বনায়ন টি টাংগুয়ার হাওরে থাকায় নিয়মিত স্টাসহ মনিটরিং করে থাকি। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে উপজেলা বিট অফিসারকে তাহিরপুর উপজেলার সংশ্লিষ্ট কার্যক্রম /মাসিক প্রতিবিদেন উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা বিট কর্মকর্তা, তাহিরপুর। |
| ২০ | লজিক প্রকল্প সংক্রান্ত ; | উপজেলা ফ্যাসিলিটেটর লজিক তাহিরপুর কর্তৃক সভায় জানান ২০২২-২০২৩ অর্থবছরে ২টি প্রকল্পের মধ্যে ০১ টি প্রকল্পের শত ভাগ কাজ সমাপ্ত করা হয়। পানির কারনে ০২ টি প্রকল্পের মধ্যে ০১ টি প্রকল্পের কার বন্ধ আছে। পানি নামলে যথাযথ কাজ চলবে। মাঠ পর্যায়ে উপজেলা পরিষদের মূল্যায়ন অডিট সম্পন্ন হয়েছে। ২৪-২৫ অর্থবছরের ০২ টি প্রকল্প বাচাই কওে এনডিপি অনুমোদিত হয়েছে। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে লজিক প্রকল্প তাহিরপুর কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে ২টি প্রকল্পের মধ্যে অসম্পন্ন প্রকল্পটি পানি নামলে দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী তাহিরপুরকে অনুরোধ করা হয। | উপজেরা প্রকৌশলী, তাহিরপুর |
| ২১ | বিবিধ | চেয়ারম্যান বাদাঘাট ইউনিয়ন পরিষদ ও সভায় উপস্থিত চেয়ারম্যানগণ সভায় জানান তাহিরপুর উপজেলায় বাদাঘাট ইউনিয়ন ও বড়দল উত্তর ইউনিয়ন যাদাকাটা ও মাহারাম নদীর রাতের আধারে পাড় কাটছে এবং ড্রেজার মেশিন চলছে। যার ফলে আশাপাশ এলাকার কয়েকটি গ্রাম এবং আমাদের কয়েকটি হাওরের মারাত্নক হুমখির মুখে রয়েছে। এ বিষয়ে জরুরী ভিত্তিতে জনস্বার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরুপুরকে অনুরোধ করা হয। | **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে জরুরী ভিত্তিতে জনস্বার্থে যাদু কাটা নদী ও মাহারাম নদীর পাড় কাটা, ড্রেজার মেশিন বন্ধ করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, তাহিরুপুরকে অনুরোধ করা হয। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |

| ক্রঃ নং- | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২২ | উপজেলা পরিষদের সিএর রুমের ফাইল কেবিনেট,অফিস টেবিল, কম্পিউটার টেবিল ক্রয় ব্যয় বিল পরিশোধ সংক্রান্ত: | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর সভায় জানান উপজেলা পরিষদ, চেয়ারম্যান মহোদয়ের সি.এর রুমের ফাইল সুরক্ষার জন্য ০২ টি ফাইল কেবিনেট ০১ টি অফিস টেবিল, ০১ টি কম্পিউটার টেবিল ব্যয় বিল পরিশোধের জন্য জনাব ওয়াজিউর রহমান শাহী মধ্য তাহিরপুর কর্তৃক ২৮-০৮-২০২৭ তারিখে মোট ১,০০,০০০/- (এক লক্ষ ) টাকার ০৪ টি ব্যয় ভাউচারসহ একটি আবেদন দাখিল করেন। আবেদনের আলোকে এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ব্যয় ভাউচার সঠিক থাকায় উক্ত ব্যয় বিল বাবদ মোট ১,০০,০০০/- (এক লক্ষ আশি) টাকা জনাব ওয়াজিউর রহমান শাহী- মধ্য তাহিরপুরের নামে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |

সভায় আর কোন আলোচনানা থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

Sadatmud
26-6-28
শামস্ সাদাত মাহমুদ উল্লাহ
সহকারী কমিশনার ভূমি (চলতি দায়িত্ব)
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪- ০৯(৫)　　　　তারিখঃ ২৮ আগস্ট ২০২৪

সদয়অবগতি/প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণকরাহলো (জ্যেষ্ঠতারভিত্তিতেনয়) ঃ

০১। সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকারবিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
০৬। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
০৭। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
০৮।.........................................................................................(জেলা পর্যায়ের ও সংশ্লিষ্ট সকল), সুনামগঞ্জ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

০৯। উপজেলা.............................................কমর্কর্তা (সংশ্লিষ্টসকল)তাহিরপুর,সুনামগঞ্জ।
১০। চেয়ারম্যান, ........................................ইউনিয়নপরিষদ (সকল) তাহিরপুর,সুনামগঞ্জ।
১১। অফিসনথি/ মাস্টারফাইল।

Sadatmud
26-6-28
শামস্ সাদাত মাহমুদ উল্লাহ
সহকারী কমিশনার ভূমি (চলতি দায়িত্ব)
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।
E-mail: unotahirpur@gmail.com



CamScanner

উপস্থিতি:

সভার তারিখ: ২৫/০৭/২০২৪ সময়: ১২.০০ ঘটিকা

সভার স্থান = উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

| | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | | | |
| ০২ | [illegible] আলী | চেয়ারম্যান তাহি: পুর সদর | [illegible] |
| ০৩ | মো: নিজাম উদ্দিন | চেয়ারম্যান বাদাঘাট | মো: নিজাম উদ্দিন |
| ০৪ | আলী আহমদ মুরাদ | চেয়ারম্যান শ্রীপুর দ: ইউনিয়ন | [illegible] |
| ০৫ | মো: ইউনুছ আলী | চেয়ারম্যান বড়দল (দঃ) | [illegible] |
| ০৬ | [illegible] | চেয়ারম্যান উত্তর বড়দল ইউনি: | [illegible] |
| ০৭ | মো: [illegible] | চেয়ারম্যান বালিজুরী | [illegible] |
| ০৮ | মো: [illegible] | চেয়ারম্যান ৪নং: [illegible] (উ:) | [illegible] |
| ০৯ | মো: মুজাম্মিল [illegible] | ইউ. এফ [illegible] প্রকল্প | [illegible] |
| ১০ | মো: [illegible] মিয়া | চেয়ারম্যান [illegible], সুনামগঞ্জ | [illegible] |
| ১১ | মো: [illegible] ইসলাম | উপজেলা প্রকৌশলী | [illegible] |
| ১২ | [illegible] | [illegible] | [illegible] ২৫/০৭/২৪ |
| ১৩ | মো: হাসান-উদ-দৌলা | উপজেলা কৃষি অফিসার | [illegible] ২৫/০৭/২০২৪ |
| ১৪ | ডা. হাবিব আহমেদ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | [illegible] |
| ১৫ | আশীষ আচার্য্য | উপজেলা সমবায় কর্মকর্তা | [illegible] |
| ১৬ | [illegible] চন্দ্র সাহা | উপজেলা যুব- উন্নয়ন অফিসার | [illegible] ২৫/০৭/২৪ |
| ১৭ | মো: মিজানুর রহমান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | [illegible] 25/07/24 |
| ১৮ | [illegible] | ইঞ্জিনিয়ার, উপজেলা স্থানীয় সরকার [illegible] | [illegible] ২৫/০৭/২৪ |
| ১৯ | মোহাম্মদ [illegible] ইসলাম | বিট কর্মকর্তা তাহিরপুর বন [illegible] | [illegible] ২৫/০৭/২০২৪ |
| ২০ | মো: [illegible] | SAE PIO অফিস | [illegible] 25.07.24 |

| ক্রম নং | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২১ | মো: মাহমুদুল হাসান | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক [illegible] শাখা | [signature] |
| 22 | মো: আব্দুল [illegible] মিয়া | উপজেলা [illegible] অফিসার (চ:দা:) | [signature] |
| ২৩ | তৌফিক আহমেদ | উপজেলা [illegible] কর্মকর্তা | [signature] |
|  |  |  |  |
|  |  |  |  |
|  |  |  |  |
|  |  |  |  |
|  |  |  |  |
|  |  |  |  |
|  |  |  |  |